ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৩৯৪
আগরতলা, ২৪ অক্টোবর, ২০২৫

**বিহার বিধানসভা নির্বাচন ও উপনির্বাচন ২০২৫ : সকল ভোটকেন্দ্রে ন্যূনতম সুবিধা ও ভোটার সহায়তা প্রদান করা হবে**

ভারতের নির্বাচন কমিশন (ECI) ৬ অক্টোবর, ২০২৫ তারিখে বিহার বিধানসভা সাধারণ নির্বাচন এবং ৮টি বিধানসভা আসনে উপনির্বাচনের সূচি ঘোষণা করেছে।

২. নির্বাচন কমিশন ভারতের সকল রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারিকদের (CEO) নির্দেশ দিয়েছে যাতে প্রতিটি ভোটকেন্দ্রে নিশ্চিত ন্যূনতম সুবিধা (AMFs) এবং ভোটার সহায়তা নিশ্চিত করা হয় ভোটগ্রহণের দিনে।

৩. ন্যূনতম সুবিধা (AMF)-এর এর অন্তর্ভুক্ত থাকবে পানীয় জলের ব্যবস্থা, ওয়েটিং শেড, জলের সুবিধাসহ শৌচাগার, পর্যাপ্ত আলোর ব্যবস্থা, প্রতিবন্ধী ভোটারদের জন্য উপযুক্ত রেম্প, মানসম্মত (Standard) ভোটিং কম্পার্টমেন্ট এবং সাইনেজ।

৪. ভোটার সচেতনতা বৃদ্ধির জন্য, প্রতিটি ভোটকেন্দ্রে চারটি একক ও মানসম্মত (Standard) ভোটার সুবিধা পোস্টার (Voter Facilitation Posters - VFP) স্পষ্টভাবে প্রদর্শিত হবে। এগুলিতে থাকবে ভোটকেন্দ্রের বিবরণ, প্রার্থীদের তালিকা, করণীয় ও বর্জনীয় বিষয়সমূহ, অনুমোদিত পরিচয়পত্রের তালিকা এবং ভোট প্রদানের প্রক্রিয়া।

৫. প্রতিটি ভোটকেন্দ্রে একটি ভোটার সহায়তা বুথ (ভ্যাব) স্থাপন করা হবে, যেখানে বুথ স্তরের অফিসার (BLO)/কর্মচারীদের একটি দল ভোটারদের তাদের ভোটকেন্দ্র নম্বর ও সংশ্লিষ্ট বুথের ভোটার তালিকায় সিরিয়াল নম্বর খুঁজে পেতে সাহায্য করবে। ভ্যাব-এ স্পষ্ট চিহ্ন থাকবে এবং ভোটকেন্দ্রের প্রাঙ্গণে প্রবেশের সময়ই ভোটারদের দৃষ্টিগোচর হবে।

৬. একটি নতুন উদ্যোগ হিসেবে, ভোটারদের জন্য ভোটকেন্দ্রের প্রবেশদ্বারের বাইরে মোবাইল ফোন জমা রাখার ব্যবস্থা করা হবে। ভোটারদের ভোটকেন্দ্রে প্রবেশের আগে তাদের ফোন (বন্ধ অবস্থায়) নির্ধারিত স্বেচ্ছাসেবকের কাছে জমা দিতে হবে এবং ভোটদান শেষে তা পুনরায় সংগ্রহ করতে পারবেন।

৭. কমিশন পুনরায় স্পষ্ট করেছে যে ন্যূনতম সুবিধা (AMF) ও সংশ্লিষ্ট অ্যাক্সেসিবিলিটি ব্যবস্থা বাধ্যতামূলক এবং তা প্রতিটি ভোটকেন্দ্রে কঠোরভাবে তদারকি করা হবে। সকল মাঠপর্যায়ের কর্মীদের নির্দেশ দেওয়া হয়েছে যেন ভোটগ্রহণের আগে সমস্ত প্রস্তুতিমূলক কাজ সম্পন্ন করা হয়, যাতে প্রত্যেক ভোটারের জন্য নির্বিঘ্ন ও মর্যাদাপূর্ণ ভোটদান অভিজ্ঞতা নিশ্চিত করা যায়। রাজ্য মুখ্য নির্বাচন আধিকারিকের কার্যালয় থেকে এই তথ্য জানানো হয়েছে।

*******